

## গত ১০ বছরে টিসিবি'র অর্জনসমূহঃ

- **টিসিবিকে শক্তিশালীকরণঃ** টিসিবিকে প্রাতিষ্ঠানিকভাবে শক্তিশালী করার লক্ষ্যে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তারমধ্যে অন্যতম হলো জনবল বৃদ্ধি। বর্তমান সরকার ২০০৯ সালে ক্ষমতা গ্রহণের পর টিসিবি'র জনবল ২২৫ হতে ২৭৫ জনে উন্নীত করে।
- **টিসিবি'র আইন সংশোধনঃ** টিসিবি'র আইনকে যুগোপযোগী করণের জন্য মহান জাতীয় সংসদের মাধ্যমে টিসিবি আইন সংশোধন করা হয়েছে। সেই সাথে টিসিবি'র অনুমোদিত মূলধন ৫ কোটি হতে ১,০০০ কোটি টাকায় উন্নীত করা হয়েছে।
- **আঞ্চলিক কার্যালয় স্থাপনঃ** টিসিবি'র কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে টিসিবি'র ৪টি আঞ্চলিক কার্যালয় (বরিশাল, রংপুর, মৌলভী বাজার ও ময়মনসিংহ) স্থাপন করা হয়েছে।
- **টিসিবি'র গুদামের ধারণ ক্ষমতা বৃদ্ধিঃ** ২০০৮-০৯ অর্থ বছরে টিসিবি'র নিজস্ব গুদামের ক্ষমতা ছিল ৯,৫৭০ মেঃটন। বর্তমানে নিজস্ব গুদামের ধারণ ক্ষমতা ১৫,০৮০ মেঃটন যার মধ্যে চট্টগ্রামে ৮,০০০ মেঃটন ধারণ ক্ষমতার ৪০,০০০ বর্গফুট গুদাম নির্মাণ করা হয়েছে।
- **নিজস্ব কার্যালয় স্থাপনঃ** বিভাগীয় শহর সমূহে টিসিবি'র আঞ্চলিক কার্যালয়ের জন্য জমি ক্রয়, নিজস্ব অফিস ও গুদাম, নির্মাণ ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয়েছে। চট্টগ্রাম, রংপুর এবং মৌলভীবাজারে ১০,০০০ মেঃটন ধারণ ক্ষমতা সম্পন্ন গুদাম নির্মাণের জন্য ইতোমধ্যে ২৫ (পঁচিশ) কোটি টাকার সরকারি অনুদান পাওয়া গিয়েছে।
- **টিসিবি'র আর্থিক সক্ষমতা বৃদ্ধিঃ** টিসিবি নিজস্ব আয়ের মাধ্যমে পরিচালন ব্যয় নির্বাহ করে। টিসিবি'র আর্থিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কাওরান বাজারস্থ প্রধান কার্যালয় ভবনের ১১তম ও ১২তম তলার নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে। উক্ত ভবনের ২য় তলায় ৪৫০ আসন বিশিষ্ট অডিটোরিয়াম সংস্কার করে নিয়মিত ভাড়া প্রদান করা হচ্ছে।
- **ডিজিটাইজেশন:-** ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে টিসিবি'র ক্রয় প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার এবং স্বচ্ছতা আনয়নের জন্য ই-জিপি (Electronic Government Procurement) সিস্টেমে দরপত্র আহবান করা হচ্ছে। wi-fi ও ভিডিও কনফারেন্স প্রবর্তন করা হয়েছে। মোবাইল এসএমএস এর মাধ্যমে বিভিন্ন কিস্তির পণ্য বরাদ্দের সংবাদ ডিলারদেরকে নিয়মিতভাবে প্রদান করা হচ্ছে। ই-ফাইলিং (Electronic Filing) এর মাধ্যমে অধিকাংশ নথি নিষ্পত্তি করা হচ্ছে। সফটওয়্যারের মাধ্যমে বাজার দর দ্রুততার সাথে প্রক্রিয়াকরণ করে টিসিবি'র ওয়েবসাইটে প্রতিদিন প্রকাশ করা হচ্ছে। টিসিবি "Online Price Monitoring System" এ বাজারদর প্রদান করছে।